

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৩০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০. সালাতুত্ তাসবীহ

بَابُ صَلَاةِ التَّسْبِيْح

#### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّ أَوَّلَ مَا يُحَاسَبُ بِهِ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ مِنْ عمله صلاته فَإِن صلحت فقد أَفْلح وأنجح وَإِنْ فَسَدَتْ فَقَدْ خَابَ وَخَسِرَ فَإِنِ انْتَقَصَ مِنْ فَرِيضَتِهِ شَيْءٌ قَالَ الرَّبُّ تَبَارَكَ وَتَعَالَى: فَسَدَتْ فَقَدْ خَابَ وَخَسِرَ فَإِنِ انْتَقَصَ مِنْ فَرِيضَتِهِ شَيْءٌ قَالَ الرَّبُّ تَبَارَكَ وَتَعَالَى: نظرُوا هَلْ لِعَبْدِي مِنْ تَطَوُّعٍ فَيُكُمَّلُ بِهَا مَا انْتَقَصَ مِنَ الْفَرِيضَةِ ثُمَّ يَكُونُ سَائِرُ عَمَلِهِ عَلَى ذَلِكَ . وَفِي رِوَايَةٍ: «ثُمَّ الزَّكَاةُ مِثْلَ ذَلِك ثُمَّ تُوْخَذَ الْأَعْمَالُ حسب ذَلِك» . رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

১৩৩০-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ কিয়ামতের (কিয়ামতের) দিন সব জিনিসের পূর্বে লোকের যে 'আমলের হিসাব হবে, তা হলো সালাত (সালাত/নামায/নামাজ)। যদি তার সালাত সঠিক হয় তাহলে সে সফলকাম হবে ও নাজাত পাবে। আর যদি সালাত বিনষ্ট হয়ে য়য় তাহলে সে বিফল ও ক্ষতিগ্রস্ত হবে। যদি ফরম সালাতে কিছু ভুল হয়ে য়য়, তাহলে আল্লাহ তা'আলা মালায়িকাহ্-কে (ফেরেশতাগণকে) বলবেন, দেখাে! আমার বান্দার নিকট সুয়াত ও নফল সালাত আছে কি-না? তাহলে সেখান থেকে এনে বান্দার ফরম সালাতের ক্রটি পূরণ করে দেয়া হবে। এরপর এ রকম বান্দার অন্যান্য হিসাব নেয়া হবে। অন্য এক বিবরণ এসেছে, তারপর এ রকম মাকাতের হিসাব নেয়া হবে। অতঃপর অবশিষ্ট সব 'আমলের হিসাব একের পর এক এ রকম নেয়া হবে। (আবূ দাউদ)[1]

## ফটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ৪১৩, নাসায়ী ৪৬৫, সহীহ আত্ তারগীব ৫৪০, সহীহ আল জামি' ২০২০; আবূ দাউদ ৮৬৪, ৮৬৬।



### ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে সালাত দ্বারা উদ্দেশ্য ফর্য সালাত। আল্লামা 'ইরাক্টা (রহঃ) 'শারহুত্ তিরমিয়ী'-তে বলেছেন যে, আলোচ্য হাদীস এবং অপর সহীহ হাদীস (ক্রিয়ামাত দিবসে প্রথম রক্তের বিচার করা হবে) এর মাঝে কোন বৈপরীত্য নেই, এ হাদীসটি আল্লাহ তা'আলার হক সংক্রান্ত বিষয়ে আর অপর সহীহ হাদীসটি মানাবীয় হক বা মানুষের অধিকারের উপর বর্তাবে।

কেউ বলেছেন এ হাদীস 'ইবাদাত বর্জনের ক্ষেত্রে আর অপর সহীহ হাদীস খারাপ কর্মের ক্ষেত্রে, কেউ বলেছেন হিসাব গ্রহণটা বিচার নয়, প্রথমে সালাত (সালাত/নামায/নামাজ) বিষয়ে হিসাব নেয়া হবে এবং প্রথম বিচার হবে রক্তের।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন